14

দৈনিক বাংলা

তারিখ ... 4-5-JUN 1997 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৩ ...

# প্রত্যেক জেলায় বধির হাইস্কুল চাই ঃ অধ্যাপক শামসুল হক

স্টাফ রিপোর্টার ঃ জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ শামসুল হক প্রতিটি জেলায় একটি করে বধির হাইস্কুল প্রতিষ্ঠার আহবান জানান। শনিবার সকালে তিনি বিজয়নগরে জাতীয় বধির সংস্থা মিলনায়তনে অনুষ্ঠিত বধির শিক্ষার্থীদের মাধ্যমিক পর্যায়ে বিশেষ শিক্ষাক্রম ও পাঠ্যসূচী প্রণয়ন সংক্রান্ত কর্মশালায় বক্তব্য রাখছিলেন। বাংলাদেশ জাতীয় বধির সংস্থা, ঢাকা বধির হাইস্কুল ও রোটারী ক্লাব অব ঢাকা ডাউন টাউন আন্তর্জাতিক জেলাতে ৩২৮০ হচ্ছে এর আয়োজক।

জাতীয় বধির সংস্থার সভাপতি এডভোকেট আনোয়ারা ইদ্রিস এতে সভাপতিত্ব করেন। উপস্থিত ছিলেন ঢাকা বধির হাইস্কুলের কার্যকরী কমিটির সভাপতি রোটারিয়ান মোহাম্মদ আলী হোসেন। কর্মশালাটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইবি বিভাগের সহযোগী অধ্যাপক ইকবাল আহমদ।

প্রফেসর মুহাম্মদ শামসুল হক জানান, বধিরদের জন্য পৃথক শিক্ষানীতি ও শিক্ষা পদ্ধতি প্রণয়ন প্রয়োজন। এ জন্য এই কর্মশালা থেকে যে সুপারিশ গ্রহণ করা হবে তা বাস্তবায়নে সরকারের নিকট পেশ করা হবে।

১৪টি সংস্থার ৩৭ জন প্রতিনিধি এই কর্মশালায় যোগদান করেন।